



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৬ জুন ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

### তিন কর্মী হত্যার প্রতিবাদে

### রাঙামাটিতে ইউপিডিএফের সড়ক ও নৌপথ অবরোধ পালিত

লংগদুতে জেএসএস সন্ত্রাস গ্রুপের সশস্ত্র সন্ত্রাসী কর্তৃক ৩ কর্মীকে হত্যার প্রতিবাদে ও হত্যাকাারীদের গ্রেপ্তারের দাবিতে মঙ্গলবার (১৬ জুন ২০১৫) রাঙামাটিতে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর ডাকা অর্ধদিবস সড়ক ও নৌপথ অবরোধ কর্মসূচি শান্তিপূর্ণভাবে পালিত হয়েছে। সকাল ৬টায় অবরোধ শুরু হয়ে দুপুর ১২টায় শেষ হয়।

সকাল থেকে ইউপিডিএফ ও সহযোগী সংগঠনের কর্মী-সমর্থকরা রাঙামাটি জেলা সদরের বেতার কেন্দ্র এলাকা, মানিকছড়ি সহ বিভিন্ন স্থানে রাঙায় টায়ার জ্বালিয়ে অবরোধ কর্মসূচি পালন করে।

অবরোধ সমর্থনে রাঙামাটি শহর থেকে সড়ক ও নৌপথে দূরপাল্লার কোন যান ছেড়ে যায়নি। নানিয়াচর, কাউখালী, বাঘাইছড়ি সহ অন্যান্য উপজেলাগুলোতেও শান্তিপূর্ণভাবে অবরোধ পালিত হয়েছে।

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর রাঙামাটি জেলা ইউনিটের প্রধান সংগঠক উজ্জ্বল স্মৃতি চাকমা এক বিবৃতিতে অবরোধ কর্মসূচি সফল করায় জেলার সকল যানবাহন ও নৌযান মালিক সমিতি, শ্রমিক সংগঠনসহ সর্বস্তরের জনগণের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, সন্ত্রাস লারমা সরকারের গদি আঞ্চলিক পরিষদের চেয়ারে বসে যেভাবে তার সন্ত্রাসী বাহিনীকে লেলিয়ে দিয়ে খুন-খারাবিতে মেতে উঠেছেন তা কোনভাবেই মেনে নেওয়া যায় না। জনগণকেই এর বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। তিনি চলমান ভ্রাতৃঘাতি সংঘাত বন্ধে সন্ত্রাস লারমাকে বাধ্য করতে সোচ্চার হওয়ার জন্য জনগণের প্রতি আহ্বান জানান।

তিনি অভিযোগ করে বলেন, ইউপিডিএফ'র তিন কর্মীকে হত্যার ঘটনায় প্রশাসন এখনো কাউকে গ্রেপ্তার করেনি। তিনি অবিলম্বে খুনি সন্ত্রাস গ্রুপের সন্ত্রাসীদের গ্রেপ্তারের দাবি জানিয়ে বলেন, অন্যথায় আরো কঠোর কর্মসূচি দেওয়া হবে।

উল্লেখ্য, গত রবিবার (১৪ জুন) রাঙামাটির লংগদু উপজেলার ভেইবোন ছড়ায় ইউপিডিএফ কর্মী যুদ্ধমনি চাকমা, রূপময় চাকমা ও সুমন চাকমাকে গুলি করে হত্যা করে জেএসএস সন্ত্রাস্ত্র গ্রুপের সশস্ত্র সন্ত্রাসীরা। এ সময় সন্ত্রাসীরা একটি বাড়িও আগুন দিয়ে পুড়িয়ে দেয়।

বার্তা প্রেরক

সচল চাকমা

সংগঠক

ইউপিডিএফ

রাঙামাটি জেলা ইউনিট।